

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৮৮০

আগরতলা, ১১ ডিসেম্বর, ২০১৯

রাজ্যের জনগণের স্বার্থে বনধ প্রত্যাহার ও  
রাজ্যে শান্তি বজায় রাখতে মুখ্যমন্ত্রীর আবেদন

রাজ্যের সাম্প্রতিক অবস্থার পরিপ্রেক্ষিতে সকল অংশের জনগণ বিশেষ করে প্রতিটি রাজনৈতিক দল, সংগঠন, সংস্থাসহ শুভবুদ্ধি সম্পন্ন নাগরিকদের কাছে রাজ্যে শান্তির পরিবেশ বজায় রাখার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে আমি আহ্বান জানাচ্ছি।

সম্প্রতি কয়েকটি সংগঠন রাজ্যে বনধ ডেকে কিছু কিছু জায়গায় জনজীবনে বিড়ম্বনা ডেকে এনেছেন। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার বিঘ্নসহ বিভিন্ন ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি হয়েছে, যা কখনই কাম্য নয়। জনগণের স্বার্থে অবিলম্বে এই বনধ প্রত্যাহার করার জন্য আমি বনধের আহ্বানকারীদের কাছে আহ্বান জানাচ্ছি। পাশাপাশি সমস্যার সমাধানে আলোচনার দরজাও খোলা রয়েছে। রাজ্য সরকার যে কোন সময় আলোচনায় প্রস্তুত।

রাজ্যের উন্নয়নের ধারাকে এগিয়ে নিয়ে যেতে আসুন, আমরা সকলে মিলে জনজীবনে স্বাভাবিক পরিবেশ অক্ষুণ্ন রাখি।

\*\*\*\*\*